

আ. লীগ নিষিদ্ধের দাবিতে ইবি শিক্ষার্থীদের বিক্ষোভ

ইবি প্রতিনিধি

১০ মে, ২০২৫ ১৯:৪৬

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

বাংলাদেশের রাজনীতিতে আওয়ামী লীগকে নিষিদ্ধ করার দাবিতে বিক্ষোভ মিছিল করেছেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শিক্ষার্থীরা।

শনিবার (১০ মে) বিকেল পৌনে ৪টার দিকে বিশ্ববিদ্যালয়ের বটতলা থেকে একটি বিক্ষোভ মিছিল শুরু হয়। পরে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক ঘুরে ক্যাম্পাসসংলগ্ন শেখপাড়া বাজার হয়ে আবারও প্রশাসন ভবন চত্বরে এসে শেষ হয়

মিছিলটি।

আরো পড়ুন



ইবিতে ছাত্রলীগ সম্পৃক্ততার অভিযোগে সাংবাদিককে মারধর

বিক্ষোভে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, ছাত্রশিবির, তলাবায়ে আরাবিয়া, ইসলামী ছাত্র আন্দোলন ও জাস্টিস ফর জুলাইসহ অন্যান্য ফ্যাসিবাদবিরোধী বিভিন্ন সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

বিক্ষোভ শেষে সমন্বয়ক এস এম সুইট বলেন, ‘আসলে গত ৫ আগস্টেই আওয়ামী লীগ নিষিদ্ধ হয়ে গেছে। এখন শুধু আনুষ্ঠানিকতা বাকি। জুলাই গণহত্যা চালিয়ে তারা তাদের রাজনীতির নৈতিক অধিকার হারিয়েছে। বর্তমান সরকারকে অতি দ্রুত আওয়ামী লীগকে নিষিদ্ধ করতে হবে।